# বংশপরিচয়ের স্বীকৃতি

## এই ফর্মে স্বাক্ষর করা স্বেচ্ছাকৃত। এটা একটা আইনি দলিল। স্বাক্ষর করার আগে পুরো ফর্মটি পড়ুন।

বংশপরিচয়ের স্বীকৃতিতে আপনার স্বাক্ষর করার যোগ্যতা নির্ধারণে আপনাকে সহায়তা করার জন্য, নিম্নলিখিত সংজ্ঞাগুলি প্রদান করা হয়েছে:

- **শিশু** - সেই ব্যক্তি যার জন্য বংশপরিচয় প্রতিষ্ঠা করা প্রয়োজন।
- **জন্মদাতা পিতা-মাতা** - যে পিতা-মাতা শিশুকে জন্ম দিয়েছেন।
- **কথিত পেরেন্ট** – যে ব্যক্তি শিশুর জিনগত পেরেন্ট হতে পারেন কিন্তু যাকে এখনও আইনত পেরেন্ট হিসেবে ঘোষণা করা হয়নি।
- **অভিপ্রেত পিতা-মাতা** - একজন ব্যক্তি যিনি সহায়ক প্রজননের ফলে একটি শিশুর পিতামাতা হিসেবে আইনগতভাবে আবদ্ধ হতে চান।
- **অন্য পিতা-মাতা** - কথিত বা অভিপ্রেত পিতা-মাতাকে বোঝায়।
- **পিউটেটিভ ফাদার রেজিস্ট্রি** - রাজ্যের রেজিস্ট্রি, যেখানে বংশপরিচয়ের স্বীকৃতি এবং পিতৃত্বের স্বীকৃতি দাখিল করা হয়। এই রেজিস্ট্রির তথ্য অনুরোধের ফলে কোনও আদালত বা অনুমোদিত সংস্থার কাছে প্রকাশ করা হবে কিন্তু উপযুক্ত উদ্দেশ্যে আদালতের আদেশ ছাড়া অন্য কোনও ব্যক্তির কাছে প্রকাশ করা হবে না।
- **গেমেট ডোনার** - শুক্রাণু বা ডিম্বানু ডোনার।

বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করার আগে, জন্মদাতা পিতা-মাতা এবং অন্য পিতা-মাতাকে তাদের অধিকার এবং স্বাক্ষরের ফলাফল সম্পর্কে মৌখিক এবং লিখিত ভাবে জানানো হবে। একটি বংশপরিচয়ের স্বীকৃতি, যেটিতে উভয় পিতা-মাতা স্বেচ্ছায় স্বাক্ষর করেছেন, শিশুটির আইনি পিতামাতা নির্ধারণের জন্য আদালতের আদেশের মতো একই আইনি শক্তি এবং প্রভাব ধারণ করে এবং শিশুটির প্রতিপালনের সহায়তা প্রদান করা উভয় পিতা-মাতার কর্তব্য হিসেবে প্রতিষ্ঠা করে। অর্থাৎ, যদি বংশপরিচয়ের স্বীকৃতিকে চ্যালেঞ্জ করা না হয়, তাহলে শিশুটির অন্য পিতা-মাতার পরিচয় নির্ধারণ বা নিশ্চিত করার জন্য আপনাকে আদালতে যেতে হবে না।

বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করার আগে, আপনি একজন আইনজীবীর সাথে কথা বলতে চাইতে পারেন। বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করবেন কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নিতে আপনাকে সহায়তা করার জন্য কাউন্সেলিং সহ আইনি প্রতিনিধিত্ব এবং সহায়ক পরিষেবা পাওয়ার অধিকার আপনার আছে।

### কে স্বাক্ষর করতে পারেন?

শুধুমাত্র দুইজন ব্যক্তি জন্ম সনদে অন্য পিতা-মাতাকে যোগ করার জন্য বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করতে পারেন:

| **দৃশ্যপট #1:** | **দৃশ্যপট #2:** |
|---|---|
| • অবিবাহিত জন্মদাতা পিতা-মাতা<br>*এবং*<br>• কথিত পেরেন্ট | • বিবাহিত বা অবিবাহিত জন্মদাতা পিতামাতা<br>*এবং*<br>• অভিপ্রেত পেরেন্ট |

শিশুটিকে পিতা-মাতা দ্বারা মনোনীত যে কোনও পদবি দেওয়া হতে পারে। শিশুটির নাম শিশুর আইনি অবস্থাকে প্রভাবিত করবে না।

শুধুমাত্র রেফারেন্সের জন্য

**বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করবেন না, যদি:**

- একটি শিশুর জন্মদাতা মাতা-পিতা স্বাভাবিকভাবেই গর্ভধারণ করেন এবং গর্ভাবস্থায় বা সন্তানের জন্মের সময় যে কোন সময় বিয়ে করে থাকেন;
- জন্মদাতা অবিবাহিত এবং একাধিক ব্যক্তি অন্য পিতা-মাতা হতে পারেন;
- একটি আদালত শিশুটির বংশপরিচয় নির্ধারণ করে একটি রায় বা আদেশ জারি করেছে;
- শিশুটির জন্য পিতৃত্ব/বংশপরিচয়ের একটি বৈধ স্বীকৃতি স্বাক্ষরিত হয়েছে;
- শিশুটি একটি সারোগেসি চুক্তির সাপেক্ষ;
- শিশুটির জন্ম হয়নি; বা
- আপনার সন্তানের জন্ম শংসাপত্রে ইতোমধ্যে দুইজন পিতা-মাতা রয়েছেন।

**যদি এই লিখিত নটিসটি পড়ার এবং মৌখিক নোটিশ পাওয়ার পর, আপনার শিশুটির বংশপরিচয় সম্পর্কে কোনও সন্দেহ থাকে, তাহলে বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করবেন না।**

**যখন পিতামাতাগণ বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করেন:**

- তারা বংশপরিচয় নির্ধারণের জন্য তাদের আদালতের শুনানির অধিকার ত্যাগ করেন;
- তারা কাস্টডি এবং ভ্রমণের অধিকার প্রতিষ্ঠা করতে পারেন;
- শিশুকে দত্তক নেওয়ার আগে তাদের সম্মতি দেওয়ার প্রয়োজন হতে পারে;
- যে জেলায় জন্ম সনদ দাখিল **করা হয়েছে**, যদি সেখানে রেজিস্ট্রারের কাছে বংশপরিচয়ের স্বীকৃতি দাখিল করা হয়, তাহলে শিশুটির উভয় পিতা-মাতার কাছ থেকে উত্তরাধিকার সূত্রে প্রাপ্তির অধিকার প্রতিষ্ঠিত হয়; এবং
- যদি বংশপরিচয়ের স্বীকৃতি শুধুমাত্র পিউটেটিভ ফাদার রেজিস্ট্রির সাথে দাখিল করা হয়, তাহলে উভয় পিতা-মাতার কাছ থেকে উত্তরাধিকার সূত্রে প্রাপ্তির অধিকার **প্রতিষ্ঠিত হতে পারে**।

**যদি বংশপরিচয়ের স্বীকৃতি উভয় পিতা-মাতা দ্বারা স্বাক্ষরিত না হয়:**

- অন্য পিতা-মাতার শিশুটিকে সমর্থন করার কোনও আইনত কর্তব্য থাকবে না এবং বংশপরিচয় নির্ধারণের জন্য শুনানি না হওয়া পর্যন্ত অন্য পিতা-মাতার নাম জন্ম সনদে থাকতে পারবে না। যদি আদালত অন্য পিতা-মাতাকে শিশুটির আইনত পিতা-মাতা হিসেবে নির্ধারণ করে, তাহলে আদালত সমর্থনের আদেশ জারি করতে পারে যা শিশুর জন্মের ক্ষেত্রে বিপরীতমুখী হতে পারে।
- উভয় পিতা-মাতা বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর না করার ফলে যদি আদালতে শুনানির প্রয়োজন হয়:
    - যদি অন্য পিতা-মাতা একজন আইনজীবীর জন্য অর্থ প্রদান করতে অক্ষম হয়, তাহলে তাদের বিনামূল্যে আইনি প্রতিনিধিত্ব পাওয়ার অধিকার থাকতে পারে; এবং
    - একজন কথিত পিতা-মাতার জেনেটিক মার্কার টেস্ট বা DNA টেস্ট করার অধিকার আছে।
- যদি জন্মদাতা পিতা-মাতা সরকারী সাহায্যের জন্য আবেদন করেন বা গ্রহণ করেন, তাহলে বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করতে অস্বীকার করলে, শিশুর বংশপরিচয় প্রতিষ্ঠায় সহযোগিতা করতে ব্যর্থতা হিসেবে বিবেচনা করা যাবে না।

শুধুমাত্র রেফারেন্সের জন্য

**স্বাক্ষর করার সময় বংশপরিচয়ের স্বীকৃতি অকার্যকর, যদি:**

- বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষরকারী পক্ষ ব্যতীত অন্য কোনও ব্যক্তি শিশুটির পিতা-মাতা হিসেবে অনুমিত হন, যদি তারা নিউ ইয়র্ক গার্হস্থ্য সম্পর্ক আইন (New York Domestic Relations law)-এর অধীনে বিবাহিত হয়ে থাকেন;
- একটি সহায়ক প্রজনন চুক্তির কারণে বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষরকারী পক্ষ ব্যতীত, শিশুটির একজন আইনগতভাবে স্বীকৃত পিতা-মাতা রয়েছেন;
- একটি আদালত ইতিমধ্যে শিশুটির বংশপরিচয়ের নির্ধারণ করে একটি রায় বা আদেশ জারি করেছে;
- আরেকজন ব্যক্তি স্বেচ্ছায় শিশুটির বংশপরিচয়ের কথা স্বীকার করেছেন;
- বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করা একজন ব্যক্তি একটি সহায়ক প্রজননে একজন ডোনার ছিলেন, এবং ইতোমধ্যে একটি বিবৃতিতে স্বাক্ষর করেছেন যে সেই অনুদান পিতা-মাতার অধিকার এবং দায়িত্বের উদ্দেশ্য ছিল না; বা
- বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করা একজন ব্যক্তি দাবি করেন যে একটি সহায়ক প্রজনন চুক্তির কারণে তাদের পিতা-মাতার অধিকার আছে, কিন্তু একটি আদালত দেখে যে শিশুটিকে সহায়ক প্রজননের মাধ্যমে গর্ভধারণ করা হয়নি।

## বংশপরিচয়ের স্বীকৃতি কোথায় দাখিল করা হয়? কে দাখিল করে?

আপনি যদি কোনও হাসপাতাল বা সোশ্যাল সার্ভিস জেলায় বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করে থাকেন, তাহলে যে জেলার রেজিস্ট্রারের কাছে জন্ম সনদ দাখিল করা হয়েছে তার কাছে আপনার জন্য আসল বংশপরিচয়ের স্বীকৃতিটি দাখিল করা হবে। আপনি যদি কোনও হাসপাতাল বা সোশ্যাল সার্ভিস জেলায় বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর না করে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই সেই জেলার রেজিস্ট্রারের কাছে বংশপরিচয়ের স্বীকৃতিটি মেইল করতে হবে বা আসলটি নিয়ে যেতে হবে, যেখানে জন্ম সনদ দাখিল করা হয়েছে।

- **নিউ ইয়র্ক শহরে** হওয়া জন্মের ক্ষেত্রে, বংশপরিচয়ের স্বীকৃতিটি মেইল করুন অথবা আসলটি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হেল্‌থ অ্যান্ড মেন্টাল হাইজিন (New York City Department of Health and Mental Hygiene), অফিস অফ ভিটাল রেকর্ডস (Office of Vital Records)-এ নিয়ে যান, মনোযোগ: Corrections Unit Room 144, 125 Worth Street CN-4, New York, NY 10013-4089.
- **নিউ ইয়র্ক শহরের বাইরে** যে সব জন্ম গ্রহণ করা হয়েছে, সেখানে জন্ম সনদ দাখিল করা জেলার রেজিস্ট্রারের কাছে বংশপরিচয়ের স্বীকৃতিটি মেইল করুন অথবা আসলটি নিয়ে যান।

রেজিস্ট্রার আপনাকে বংশপরিচয়ের স্বীকৃতির একটি সার্টিফাইড কপি মেইল করবেন এবং পিউটেটিভ ফাদার রেজিস্ট্রির সাথে বংশপরিচয়ের স্বীকৃতির একটি কপি দাখিল করবেন।

**দ্রষ্টব্য:** যদি সহায়ক প্রজননের মাধ্যমে গর্ভধারণ করা কোনও শিশুর গেমেট ডোনারের নাম এবং ঠিকানা বংশপরিচয়ের স্বীকৃতিতে অন্তর্ভুক্ত করা হয়ে থাকে, তাহলে রাজ্যের স্বাস্থ্য বিভাগ (State Department of Health) বা নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হেল্‌থ এন্ড মেন্টাল হাইজিন স্বাক্ষরকারীদের সোশ্যাল সিকিউরিটি নম্বরের সাথে ফর্মে তালিকাভুক্ত পরিচিত ডোনারের কাছে একটি কপি মেইল করবে।

## ফর্মে স্বাক্ষর করার পর কি আপনি একটি নতুন জন্ম সনদ পেতে পারেন?

**হ্যাঁ।** যদি জন্মের সময় বংশপরিচয়ের স্বীকৃতি স্বাক্ষর না করা হয়ে থাকে, তাহলে প্রত্যেক পিতা-মাতার নাম সহ একটি নতুন জন্ম সনদ ইস্যু করা হবে। আপনি যদি পেরেন্টেজের স্বীকৃতি সম্পন্ন করার সময় শিশুটির পদবি পরিবর্তন করে থাকেন, তাহলে এটি নতুন জন্মের শংসাপত্রটিতে পরিবর্তন করা হবে।

## আপনাকে কি একটি নতুন জন্মের শংসাপত্রের জন্য অর্থ প্রদান করতে হবে?

যদি আপনার **সন্তান নিউ ইয়র্ক সিটির বাইরের কোনো হাসপাতালে জন্মগ্রহণ করে থাকে,** এবং জন্মের মূল সনদ দাখিল করার পর আপনি বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করেন, তাহলে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ বিনামূল্যে একটি সংশোধিত জন্ম সনদ ইস্যু করবে যা জন্মদাতা পিতা বা মাতাকে ডাকযোগে পাঠানো হবে। সংশোধিত জন্ম সনদের যেকোনো অতিরিক্ত অনুলিপি নিতে হলে ফি প্রদান করতে হবে।

যদি আপনার **সন্তান নিউ ইয়র্ক সিটির কোনো হাসপাতালে জন্মগ্রহণ করে থাকে,** এবং জন্মের মূল সনদ দাখিল করার পর আপনি বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করেন, তাহলে নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ ও মেন্টাল হাইজিন অন্য পিতা বা মাতা বরাবর বিনামূল্যে একটি সংশোধিত জন্ম সনদ ইস্যু করবে। যদি শিশুটির বয়স এক বছরের কম হয়, তাহলে জন্মদাতা পিতা বা মাতা জন্মের মূল সনদটি বিনামূল্যে পরিবর্তন করতে পারেন; এক বছর পর পরিবর্তন করতে চাইলে সেক্ষেত্রে প্রতিস্থাপন ব্যয় প্রদান করতে হবে।

শুধুমাত্র রেফারেন্সের জন্য

## আপনি কি স্বাক্ষর করার পর পেরেন্টেজের স্বীকৃতি প্রত্যাহার করতে পারেন?

**হ্যাঁ।** পারিবারিক আদালতে পেরেন্টেজের স্বীকৃতি পরিত্যাগ করার জন্য উভয় পিতামাতারই একটি আবেদন দাখিল করার অধিকার আছে। এই আবেদনটি শুধুমাত্র নিম্নলিখিত সময়সীমার মধ্যে দাখিল করা যেতে পারে, যা নির্ভর করে পিতা বা মাতার বয়সের উপর যখন পিতা বা মাতা পেরেন্টেজের স্বীকৃতিতে স্বাক্ষর করে থাকেন:

| | পেরেন্টেজের স্বীকৃতি স্বাক্ষর করার সময় পিতা বা মাতার **বয়স হচ্ছে 18 বছর বা তার বেশী** | পেরেন্টেজের স্বীকৃতি স্বাক্ষর করার সময় পিতা বা মাতার **বয়স হচ্ছে 18 বছরের কম** |
|---|---|---|
| **আগে যা আছে** | পেরেন্টেজের স্বীকৃতি স্বাক্ষর করার তারিখের 60 দিনের মধ্যে। | সেই বাবা বা মায়ের 18তম জন্মদিনের পর 60 দিনের মধ্যে। |
| | যে তারিখে শিশুটির সম্পর্কিত একটি প্রক্রিয়ায় একটি আবেদনের উত্তর প্রয়োজন হয় এবং যেখানে এই ধরনের বাবা বা মা একটি পক্ষ হয়ে থাকেন। | শিশুটির সম্পর্কিত একটি প্রক্রিয়ায় একটি আবেদনের উত্তর প্রয়োজন হয় এবং যেখানে এই ধরনের বাবা বা মা একটি পক্ষ হয়ে থাকেন সেই তারিখের 60 দিনের মধ্যে, প্রদত্ত যদি পিতা বা মাতাকে পরিত্যাগ করার জন্য যে কোন প্রক্রিয়াতে একটি আবেদন দাখিল করার অধিকারের পরামর্শ দেওয়া হয়। |
| **যদি সময়সীমাগুলির মেয়াদ উত্তীর্ণ হয়ে থাকে** | যেকোনো পিতা বা মাতাই আদালতে শুধুমাত্র পেরেন্টেজের স্বীকৃতিকে চ্যালেঞ্জ করতে পারেন, যদি এটি প্রতারণা, বলপ্রয়োগ বা সত্যের বস্তুগত ভুলের উপর ভিত্তি করে স্বাক্ষরিত হয়ে থাকে। প্রমাণের ভার সেই পক্ষের উপর যারা পেরেন্টেজের স্বীকৃতি প্রত্যাহার করতে চায়। | |

যদি পরিত্যাগ করার আবেদন সঠিক সময়সীমার মধ্যে দাখিল করা হয় অথবা যদি সময়সীমার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর, পিতা বা মাতা সফলভাবে আদালতে পেরেন্টেজের স্বীকৃতিকে চ্যালেঞ্জ করে থাকেন, তাহলে আদালত শিশুটির পিতামাতার পরিচয় নির্ধারণের জন্য জেনেটিক মার্কার টেস্ট বা DNA পরীক্ষার আদেশ দেবে। তবে যদি পেরেন্টেজের স্বীকৃতি সহায়ক প্রজননের মাধ্যমে জন্ম নেওয়া শিশুর পিতামাতার দ্বারা স্বাক্ষরিত হয়, অথবা যদি আদালত দেখে যে এটি শিশুটির পক্ষে সর্বোত্তম ভালো নয়, তাহলে আদালত এই পরীক্ষার আদেশ দেবে না। উভয় পিতামাতার আইনগত বাধ্যবাধকতা, যার মধ্যে শিশুকে সমর্থন করার বাধ্যবাধকতাও আছে, তা আদালত ভাল কারণ খুঁজে পাবার সাপেক্ষে পিতামাতার স্বীকৃতির চ্যালেঞ্জের সময় স্থগিত করা হতে পারে।

যদি আদালত জেনেটিক মার্কার টেস্ট বা DNA পরীক্ষার পর নির্ধারণ করে যে, যে ব্যক্তি পেরেন্টেজের স্বীকৃতিতে স্বাক্ষর করেছেন, তিনি শিশুটির একজন পিতামাতা, তাহলে আদালত পেরেন্টেজের সম্পর্কে অনুসন্ধান করবে এবং পিতামাতা নির্ধারণ করে একটি রায় বা আদেশ জারি করবেন। যদি আদালত নির্ধারণ করেন যে, যে ব্যক্তি পিতামাতার স্বীকৃতিতে স্বাক্ষর করেছেন সে শিশুটির পিতামাতা নয়, তাহলে পিতামাতার স্বীকৃতিটি অবৈধ ঘোষণা করা হবে এবং আদালত অবিলম্বে রেজিস্ট্রার এবং পিউটেটিভ ফাদার রেজিস্ট্রিকে আদেশের একটি কপি প্রদান করবে। যদি কোন পক্ষ চাইল্ড সাপোর্ট সার্ভিস গ্রহণ করে, তাহলে চাইল্ড সাপোর্ট এনফোর্সমেন্ট ইউনিটে একটি অনুলিপি প্রদান করা হবে।

## আরো কোনো প্রশ্ন আছে?

**জন্ম সনদ প্রক্রিয়া** সংক্রান্ত প্রশ্ন জেলার রেজিস্ট্রারের কাছে পাঠানো উচিত যেখানে পেরেন্টেজ স্বীকৃতি দেওয়া হয়েছে অথবা দাখিল করা হবে। নিউ ইয়র্ক সিটিতে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ হেল্‌থ এন্ড মেন্টাল হাইজিনকে **3-1-1** অথবা **212-NEW-YORK**এ ফোন করুন।

এই ফরম অথবা বংশপরিচয় সম্পর্কিত যেকোনো প্রশ্নের জন্য, হাসপাতালের কর্মীদের সাথে কথা বলুন অথবা প্রশ্নগুলো otda.sm.dcse.parentage@otda.ny.gov ঠিকানায় ই-মেইল করুন। এছাড়াও আপনি নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব চাইল্ড সাপোর্ট সার্ভিসেস (New York State Division of Child Support Services)-এর childsupport.ny.gov ওয়েবসাইটে থাকা বংশপরিচয় প্রক্রিয়ার স্বীকৃতি সম্পর্কিত ভিডিওটি দেখতে পারেন।

**অনুগ্রহ করে নোট করুন:** বংশপরিচয়ের স্বীকৃতিতে অন্তর্ভুক্ত তথ্য এবং বিবৃতি একটি জন্ম সনদ তৈরি বা নথিটি পিউটেটিভ ফাদার রেজিস্ট্রিতে দাখিল করার আগে বা পরে কোনও রাজ্য, স্থানীয় বা বেসরকারি সত্তা দ্বারা যাচাই করা হবে না, যেহেতু তা করার কোনও প্রয়োজনীয়তা আইনে প্রদান করা নেই।

LDSS-5171-BE (Rev. 04/21)

# বংশপরিচয়ের স্বীকৃতি

**(অনুগ্রহ করে কালো কালি ব্যবহার করে পরিষ্কারভাবে টাইপ বা প্রিন্ট করুন।)**

রেকর্ড করা জেলা ______ হাসপাতালের কোড ___ ___ ___ ___ নিবন্ধন নম্বর ______

**কোথায় স্বাক্ষর করা হয়েছে তা যাচাই করুন:** ☐ হাসপাতাল ☐ শিশু সহায়তা প্রোগ্রাম অফিস ☐ জন্ম নিবন্ধক ☐ অন্য

## শিশু

**নাম** ______ **মধ্যনাম** ______ **পদবী** ______

**লিঙ্গ**
☐ মহিলা ☐ পুরুষ ☐ নন-বাইনারি/অন্যান্য

**জন্ম তারিখ** *(মাস/দিন/বছর)* ___ / ___ / ___

**জন্মের ফেসিলিটি** ______ **জন্মের শহর** ______ **জন্মের কাউন্টি/বরো** ______

যদি শিশুটির জন্ম সনদ ইতোমধ্যে দাখিল করা হয়ে থাকে এবং আপনি শিশুটির পদবি পরিবর্তন করতে চান, তাহলে নিম্নলিখিত বিভাগটি সম্পন্ন করুন:

**আসল জন্ম সনদে পদবি** ______ **নতুন পদবি** ______

আমরা বুঝতে পেরেছি যে এই বংশপরিচয়ের স্বীকৃতিতে স্বাক্ষর করা স্বেচ্ছাকৃত এবং আদালতের শুনানির পর প্রবেশ করা আদেশের মত একই শক্তি এবং প্রভাব সহ আমাদের সন্তানের বংশপরিচয় প্রতিষ্ঠা করবে, যার মধ্যে রয়েছে আমাদের সন্তানের প্রতিপালনের জন্য সমর্থন প্রদানের বাধ্যবাধকতা, যদি এই বংশপরিচয়ের স্বীকৃতি সেই রেজিস্ট্রারের কাছে দাখিল করা হয় যেখানে জন্ম সনদ দাখিল করা হয়েছে, শুধুমাত্র তখনই বংশপরিচয়ের স্বীকৃতি উত্তরাধিকারের অধিকারের ক্ষেত্রে একই শক্তি এবং প্রভাব ধারণ করবে। আমরা আমাদের আইনি অধিকার (প্রত্যাহারের সময়সীমা সহ), দায়িত্ব, বিকল্প এবং বংশপরিচয়ের স্বীকৃতি স্বাক্ষরের ফলাফল সম্পর্কে লিখিত এবং মৌখিক নোটিশ পেয়েছি, এবং আমরা বুঝতে পারি নোটিশে কি বলা হয়েছে। লিখিত নোটিশের একটি কপি আমাদের প্রদান করা হয়েছে। আমরা প্রত্যায়িত করছি যে নিচে আমরা যে তথ্য প্রদান করেছি তা সত্য।

## জন্মদাতা পিতা-মাতা

**নাম** ______ **মধ্যনাম** ______ **পদবী** ______

**রাস্তার ঠিকানা** ______ **ফ্লোর/অ্যাপার্টমেন্ট** ______ **সিটি** ______ **স্টেট** ______ **জিপ** ______

**জন্ম তারিখ** *(মাস/দিন/বছর)* ___ / ___ / ___ **সোশ্যাল সিকিউরিটি নম্বর** ___ – ___ – ___ **জন্মের সময় আপনি কি বিবাহিত ছিলেন?** ☐ হ্যাঁ ☐ না

আমি এর মাধ্যমে উপরে উল্লিখিত আমার সন্তানের জন্য বংশপরিচয়ের স্বীকৃতির সম্মতি জানাই এবং স্বীকার করি যে নিচে উল্লিখিত ব্যক্তিটি একমাত্র সম্ভাব্য অন্য জেনেটিক পিতা-মাতা, অথবা একজন অভিপ্রেত পিতা-মাতা এবং শিশুটিকে সহায়ক প্রজননের মাধ্যমে গর্ভধারণ করা হয়েছে।

**স্বাক্ষর** ______ **তারিখ** *(মাস/দিন/বছর)* ___ / ___ / ___

**সাক্ষীর অংশ**
*(দুইজন সাক্ষীর প্রয়োজন; সাক্ষী উভয় পিতা-মাতার কারো আত্মীয় হতে পারবে না)*

**সাক্ষীর স্বাক্ষর** ______ **সাক্ষীর প্রিন্ট করা নাম** ______ **তারিখ** *(মাস/দিন/বছর)* ___ / ___ / ___

**সাক্ষীর স্বাক্ষর** ______ **সাক্ষীর প্রিন্ট করা নাম** ______ **তারিখ** *(মাস/দিন/বছর)* ___ / ___ / ___

## অন্য পিতা-মাতা

**নাম** ______ **মধ্যনাম** ______ **পদবী** ______

**রাস্তার ঠিকানা** ______ **ফ্লোর/অ্যাপার্টমেন্ট** ______ **সিটি** ______ **স্টেট** ______ **জিপ** ______

**জন্মের শহর** ______ **জন্ম গ্রহণকারী স্টেট/প্রদেশ** ______ **জন্ম গ্রহণকারী দেশ** ______

**জন্ম তারিখ** *(মাস/দিন/বছর)* ___ / ___ / ___ **সোশ্যাল সিকিউরিটি নম্বর** ___ – ___ – ___ **আপনি কি শিশুর জেনেটিক/বায়োলজিক্যাল পিতা?** ☐ হ্যাঁ ☐ না

আমি এতদ্বারা স্বীকার করি যে আমি উপরে উল্লিখিত শিশুটির জেনেটিক বা অভিপ্রেত পিতা-মাতা।

**স্বাক্ষর** ______ **তারিখ** *(মাস/দিন/বছর)* ___ / ___ / ___

**সাক্ষীর অংশ**
*(দুইজন সাক্ষীর প্রয়োজন; সাক্ষী উভয় পিতা-মাতার কারো আত্মীয় হতে পারবে না)*

**সাক্ষীর স্বাক্ষর** ______ **সাক্ষীর প্রিন্ট করা নাম** ______ **তারিখ** *(মাস/দিন/বছর)* ___ / ___ / ___

**সাক্ষীর স্বাক্ষর** ______ **সাক্ষীর প্রিন্ট করা নাম** ______ **তারিখ** *(মাস/দিন/বছর)* ___ / ___ / ___

## শুধু অফিসিয়াল ব্যবহারের জন্য

**বংশপরিচয়ের উপর্যুক্ত স্বীকৃতিটি এখানে রেজিস্ট্রারের কাছে দাখিল করা** ______ **হয়** ______

যদি এই নথিটি একটি জন্ম সনদ সংশোধন করার উদ্দেশ্যে ব্যবহৃত হয়, আমি প্রত্যায়িত করছি যে আমি আসল রেকর্ডটি পরীক্ষা করে দেখেছি যেটির সংশোধনের প্রয়োজন এবং এই নথির তথ্য তার সাথে মিলে যায়। জন্ম রেকর্ড সংশোধনের ক্ষেত্রে এমন কোনও ভুল বা আপাত ত্রুটি নেই যার ফলে এটি গ্রহণযোগ্য হবে না। তাই এই নথিটি অনুমোদিত।

**স্টেট রেজিস্ট্রার/ডেপুটি সিটি রেজিস্ট্রারের স্বাক্ষর** ______ **তারিখ** *(মাস/দিন/বছর)* ______

শুধুমাত্র রেফারেন্সের জন্য

## জন্মদাতা পিতা-মাতা

**নাম**

**রাস্তার ঠিকানা**

**ফ্লোর/অ্যাপার্টমেন্ট** **সিটি** **স্টেট** **জিপ**

**জন্মদাতা পিতা বা মাতার** মেইলিং ঠিকানা এখানে স্পষ্ট অক্ষরে লিখতে হবে

## অন্য পিতা-মাতা

**নাম**

**রাস্তার ঠিকানা**

**ফ্লোর/অ্যাপার্টমেন্ট** **সিটি** **স্টেট** **জিপ**

**অন্য পিতা বা মাতার** মেইলিং ঠিকানা এখানে স্পষ্ট অক্ষরে লিখতে হবে

## গ্যামিট ডোনার *(যদি প্রযোজ্য হয়)*

**নাম**

**রাস্তার ঠিকানা**

**ফ্লোর/অ্যাপার্টমেন্ট** **সিটি** **স্টেট** **জিপ**

**গ্যামিট ডোনারের** মেইলিং ঠিকানা, যদি জানা থাকে, অবশ্যই এখানে স্পষ্ট অক্ষরে লিখতে হবে

শুধুমাত্র রেফারেন্সের জন্য